গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১২৭/২০১৯-২০২০
ঢাকা ১৯ ডিসেম্বর বৃহস্পতিবার ২০১৯, ৪ পৌষ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ক্ষমতা ব্যবহার করতে হবে জনগণের কল্যাণে : সুপ্রিমকোর্ট দিবসের অনুষ্ঠানে রাষ্ট্রপতি
২। ভবিষ্যতে বিজিবি শ্রেষ্ঠ সীমান্তরক্ষী বাহিনীর মর্যাদা অর্জন করবে : বিজিবি দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৩। প্রধানমন্ত্রী আন্তর্জাতিক অভিবাসী দিবস অনুষ্ঠানের উদ্বোধন করবেন আজ
সিআইপি সম্মাননা পচ্ছেন ৪২ জন
৪। আওয়ামী লীগের জাতীয় সম্মেলন আগামীকাল : উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা বেড়ে ৫১
৫। রাজাকারের তালিকায় মুক্তিযোদ্ধাদের নাম দুঃখজনক :
আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের বৈঠকে প্রধানমন্ত্রী
৬। রাজাকারের তালিকা স্থগিত
৭। রাজাকারের তালিকা সংশোধনের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী : সেতুমন্ত্রী
৮। দালাল আইনে যাদের বিরুদ্ধে মামলা হয়েছিল এটি তাদের তালিকা :
রাজাকারের তালিকা প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী
ভুলের কারণ খতিয়ে দেখতে তদন্ত কমিটি গঠন করা হবে
৯। প্রধানমন্ত্রী তাঁর সামরিক সচিবের লাশ দেখতে সিএমএইচে
১০। উন্নয়ন সূচকে বাংলাদেশ পাকিস্তানকে ছাড়িয়ে গেছে :
বাংলাদেশ বেতারের ৮০তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে তথ্যমন্ত্রী
১১। নেপাল থেকে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ কিনতে ক্রয়কমিটির অনুমোদন
১২। সিঙ্গেল ডিজিট সুদ কার্যকর ১ জানুয়ারি থেকে : অর্থমন্ত্রী
১৩। মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করা হবে : শিক্ষামন্ত্রী
১৪। এনআরসি ভারতের অভ্যন্তরীণ বিষয়, এর প্রভাব বাংলাদেশে পড়বে না : পররাষ্ট্রমন্ত্রী
১৫। ঢাকা-চট্টগ্রাম এলিভেটেড এক্সপ্রেসওয়ের কাজ শীঘ্রই শুরু : পরিকল্পনামন্ত্রী
১৬। বিদেশে পরিশ্রম করে টাকা পাঠানো ব্যক্তিরাই মূল নায়ক :
আন্তর্জাতিক অভিবাসী দিবসের অনুষ্ঠানে পরিকল্পনামন্ত্রী
১৭। নারীর ক্ষমতায়নে বাংলাদেশ রোল মডেল : স্পেনে পররাষ্ট্র প্রতিমন্ত্রী
১৮। রোহিঙ্গা ক্যাম্পে মিয়ানমার প্রতিনিধিদল
১৯। পদ্মাসেতুতে ১৯তম স্প্যান বসলো : দৃশ্যমান ২ হাজার ৮৫০ মিটার

চলমান পাতা-২

**১। ক্ষমতা ব্যবহার করতে হবে জনগণের কল্যাণে : সুপ্রিমকোর্ট দিবসের অনুষ্ঠানে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, ক্ষমতা প্রদর্শনের বিষয় নয়। জনগণের কল্যাণে ক্ষমতা ব্যবহার করতে হবে। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) বাংলাদেশ সুপ্রিমকোর্ট দিবস উপলক্ষে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, দেশ, জনগণ ও সংবিধানের প্রতি দায়বদ্ধ থেকে বিচারকরা তাদের মেধা-মননের মাধ্যমে আইনের শাসন এবং ন্যায়বিচার নিশ্চিত করবেন, দেশবাসী তা প্রত্যাশা করে। সূত্র : **সমকাল** (পৃ,২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,৩,ক.২)।

**২ । ভবিষ্যতে বিজিবি শ্রেষ্ঠ সীমান্তরক্ষী বাহিনীর মর্যাদা অর্জন করবে : বিজিবি দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিজিবিকে বিশ্বমানের সীমান্তরক্ষী বাহিনী হিসেবে গড়ে তুলতে সরকার 'বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ভিশন ২০৪১' পরিকল্পনা গ্রহণ করেছে। জাতির পিতার হাতে গড়া এ প্রতিষ্ঠান অনেক ঘাত-প্রতিঘাত পার করেছে। আগামী দিনে এ সীমান্তরক্ষী বাহিনী সারা বিশ্বের সর্বশ্রেষ্ঠ সীমান্তরক্ষী বাহিনীর মর্যাদা অর্জন করবে সে বিশ্বাস আমার আছে। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) রাজধানীর পিলখানায় বিজিবি সদরদপ্তরে বিজিবি দিবস উপলক্ষে আয়োজিত আনুষ্ঠানিক কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী আরো বলেন, আমাদের সরকার এ বাহিনীর সক্ষমতা বৃদ্ধির জন্য বিজিবি পুনর্গঠনের আওতায় ব্যাপক উন্নয়নমূলক কাজ করে যাচ্ছে। প্রধানমন্ত্রী এ সময় বিজিবির সুনাম অক্ষুণ্ণ রাখার জন্য এ বাহিনীর সদস্যদের দেশপ্রেম এবং দক্ষতার সঙ্গে দায়িত্ব পালনের পাশাপাশি শৃঙ্খলা বজায় রাখা এবং চেইন অভ্ কমান্ড মেনে চলার আহ্বান জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭)।

**৩। প্রধানমন্ত্রী আন্তর্জাতিক অভিবাসী দিবস অনুষ্ঠানের উদ্বোধন করবেন আজ**

**সিআইপি সম্মাননা পচ্ছেন ৪২ জন**

আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০১৯ উদ্‌যাপন উপলক্ষে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে আজ (১৯ ডিসেম্বর বৃহস্পতিবার) এক অনুষ্ঠানের আয়োজন করেছে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈধ চ্যানেলে বৈদেশিক মুদ্রা প্রেরণ, বাংলাদেশে বিনিয়োগ এবং বাংলাদেশ থেকে পণ্য আমদানি-এ তিন ক্যাটাগরিতে এবার সিআইপি (এনআরবি) সম্মাননা পাচ্ছেন ১৪ দেশের ৪২ জন প্রবাসী বাংলাদেশি। পাশাপাশি এবার প্রবাসী ও বিদেশগামী কর্মীদের অধিকতর সুরক্ষার জন্য প্রধানমন্ত্রীর বিশেষ নির্দেশনায় সরকার একটি জীবন বীমা ব্যবস্থাও চালু করেছে। এ ব্যবস্থায় বীমা প্রিমিয়ামের বড় অংশ প্রদান করবে সরকার। দিবসটির এবারের প্রতিপাদ্য 'দক্ষ হয়ে বিদেশ গেলে, অর্থ ও সম্মান দুই-ই মেলে'। সূত্র : **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৬)।

**৪। আওয়ামী লীগের জাতীয় সম্মেলন আগামীকাল : উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা বেড়ে ৫১**

আওয়ামী লীগের ২১তম জাতীয় কাউন্সিলে উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা ১০ জন বাড়ালো হচ্ছে। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) গণভবনে আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে দলের কার্যনির্বাহী কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। আওয়ামী লীগের গঠনতন্ত্র অনুযায়ী উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা ছিল ৪১ জন। ১০ জন যোগ হলে উপদেষ্টার সংখ্যা হবে ৫১ জন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সমকাল** (পৃ,১,ক.৬)।

**৫। রাজাকারের তালিকায় মুক্তিযোদ্ধাদের নাম দুঃখজনক :**

**আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের বৈঠকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, রাজাকারের তালিকায় মুক্তিযোদ্ধাদের নাম থাকা দুঃখজনক। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় তালিকা গোলমাল করে ফেলেছে, তবে কীভাবে এমন ভুল হলো তা রহস্যজনক। সরকারের প্রধান হিসেবে এ ঘটনায় আমারও দায় আছে। বিষয়টিকে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ জানান তিনি। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) গণভবনে সূচনা বক্তৃতায় প্রধানমন্ত্রী আরো বলেন, রাজাকারের তালিকা নিয়ে ভুল বোঝাবুঝির সৃষ্টি হয়েছে। রাজাকারের তালিকায় কোনোভাবেই মুক্তিযোদ্ধাদের নাম আসবে না বলে সাফ জানিয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১,ক.১)।

**৬। রাজাকারের তালিকা স্থগিত**

বিতর্কের মুখে রাজাকারের তালিকা স্থগিত করেছে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়। প্রকাশিত তালিকাটি মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকেও সরিয়ে দেওয়া হয়েছে। পরবর্তী সময়ে যাচাই-বাছাই করে তালিকা প্রকাশ করা হবে। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক সংবাদ মাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১,ক.২)।

**৭। রাজাকারের তালিকা সংশোধনের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত রাজাকারের তালিকা নতুন করে যাচাই-বাছাই করে সংশোধনের নির্দেশ দিয়েছেন। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে ঢাকা মহানগর দক্ষিণ ও উত্তর শাখা আওয়ামী লীগের সঙ্গে যৌথ সভা শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১,ক.৫)।

**৮। দালাল আইনে যাদের বিরুদ্ধে মামলা হয়েছিল এটি তাদের তালিকা :**
**রাজাকারের তালিকা প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী**
**ভুলের কারণ খতিয়ে দেখতে তদন্ত কমিটি গঠন করা হবে**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ১০ হাজার ৭৮৯ জনের যে তালিকা প্রকাশ করেছে তা রাজাকার, আলবদর, আলশামসের তালিকা নয়। দালাল আইনে যাদের বিরুদ্ধে মামলা করা হয়েছিল এটি তাদের নামের তালিকা। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) সচিবালয়ে নিজ কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, তবে এ ধরনের একটি বড় কাজে সে ভুল কতখানি সহনীয় তা খতিয়ে দেখতে তদন্ত কমিটি করা হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **ডেইলি সান** (পৃ,১৪,ক.৭)।

**৯। প্রধানমন্ত্রী তাঁর সামরিক সচিবের লাশ দেখতে সিএমএইচে**

প্রধানমন্ত্রীর সামরিক সচিব মেজর জেনারেল মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীনের লাশ দেখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) ঢাকা সেনানিবাসের সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) যান। প্রধানমন্ত্রী মরহুমের রুহের মাগফিরাত কামনা করেন এবং সেখানে তাঁর পরিবারকে সান্ত্বনা দেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (পৃ,১,ক.৭)।

**১০। উন্নয়ন সূচকে বাংলাদেশ পাকিস্তানকে ছাড়িয়ে গেছে :**
**বাংলাদেশ বেতারের ৮০তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, স্বাধীনতার ৪৯ বছরে আমরা পাকিস্তানের চেয়ে তিনটি উন্নয়ন সূচকে এগিয়ে রয়েছি। উন্নয়নের দিক থেকে বাংলাদেশ পাকিস্তানকে ছাড়িয়ে গেছে। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) বাংলাদেশ বেতারের ৮০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে রাজধানীর আগারগাঁওয়ে বেতার ভবনে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান এবং তথ্য সচিব আবদুল মালেকও অনুষ্ঠানে বক্তৃতা করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান** (পৃ,২,ক.৬)।

**১১। নেপাল থেকে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ কিনতে ক্রয়কমিটির অনুমোদন**

নেপালে নির্মাণাধীন আপার কারনালি হাইড্রো পাওয়ার প্রজেক্ট থেকে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ কিনবে বাংলাদেশ সরকার। এতে আনুমানিক ব্যয় ধরা হয়েছে ৩৮ হাজার ১৬০ কোটি ৭৫ লাখ টাকা। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) সচিবালয়ে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এ ক্রয়প্রস্তাবে অনুমোদন দিয়েছে। বৈঠক শেষে অনুমোদিত ক্রয়প্রস্তাবের বিভিন্ন দিক তুলে ধরনে অর্থমন্ত্রী। সূত্র : **বণিক বার্তা** (পৃ.৬,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.২)।

**১২। সিঙ্গেল ডিজিট সুদ কার্যকর ১ জানুয়ারি থেকে : অর্থমন্ত্রী**

আগামী ১ জানুয়ারি থেকে ব্যাংকগুলোতে সুদের হার সিঙ্গেল ডিজিট (১০ শতাংশের নিচে) কার্যকর হচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেন, বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন জমা দিয়েছে এবং শীঘ্রই প্রজ্ঞাপন জারি করা হবে। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার ) সচিবালয়ে সরকারি ক্রয় ও অর্থনৈতিক বিষয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** ( শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,৯,ক.১)।

**১৩। মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করা হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, দেশের মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করে আরও উন্নয়ন করা হবে। এ শিক্ষাকে করা হবে গতিশীল, যাতে শিক্ষা লাভ করে একজন শিক্ষার্থী যথাযথ ধর্মীয় জ্ঞান অর্জন, দুনিয়া ও আখেরাতের কামিয়াবি এবং দেশপ্রেমিক, মানবতাবাদী যথাযথ মানুষ হিসেবে গড়ে উঠতে পারে। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশ্ব আরবি ভাষা দিবস-২০১৯ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ,১৯,ক.৫)।

**১৪। এনআরসি ভারতের অভ্যন্তরীণ বিষয়, এর প্রভাব বাংলাদেশে পড়বে না : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, জাতীয় নাগরিকপঞ্জি (এনআরসি) ভারতের অভ্যন্তরীণ বিষয়। এটি বাংলাদেশকে কোনোভাবে প্রভাবিত করবে না। তবে বাংলাদেশ চায় ভারতের অভ্যন্তরীণ শান্তি শৃঙ্খলা বজায় থাকুক। কারণ 'গ্লোবাল ভিলেজে'র সময়ে যুক্তরাষ্ট্রে অর্থনৈতিক মন্দা দেখা দিলে যেমন বিশ্বজুড়েই প্রভাব পড়ে, তেমনি প্রতিবেশী বৃহৎ রাষ্ট্র ভারতে আইনশৃঙ্খলার ক্ষেত্রে কোনো বিঘ্ন হলে আশপাশের রাষ্ট্রগুলোতেও তার প্রভাব পড়তে পারে। এ কারণেই বাংলাদেশ চায় ভারতে শান্তি ও স্থিতিশীলতা থাকুক, আইন-শৃঙ্খলা ভালো থাকুক। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) শহিদ মিনারে বেইজিং ঘোষণার ২৫ বছর পূর্তি উদ্‌যাপন উপলক্ষে 'বেইজিং ২৫ পর্যালোচনা : নাগরিক সমাজের সম্পৃক্তি' শীর্ষক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। সূত্র : **সমকাল** (পৃ,৪,ক.৬), **অবজারভার** (পৃ,১,ক.১)।

**১৫। ঢাকা-চট্টগ্রাম এলিভেটেড এক্সপ্রেসওয়ের কাজ শীঘ্রই শুরু : পরিকল্পনামন্ত্রী**

ঢাকা-চট্টগ্রামের মধ্যে সাপ্লাই চেইন সচল রাখতে খুব শীঘ্রই এলিভেটেড এক্সপ্রেসওয়ের কাজ শুরু হবে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে (বিআইসিসি) ‘স্টাডি অন সাপ্লাই চেইন রেজিলেন্স অভ্ আরএমজি সেক্টর ইন বাংলাদেশ’ শীর্ষক এক কর্মশালায় তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৪), **আমাদের অর্থনীতি** (পৃ,১,ক.১)।

**১৬। বিদেশে পরিশ্রম করে টাকা পাঠানো ব্যক্তিরাই মূল নায়ক :**
**আন্তর্জাতিক অভিবাসী দিবসের অনুষ্ঠানে পরিকল্পনামন্ত্রী**

বিদেশের প্রতিকূল পরিবেশে অমানবিক পরিশ্রম করে খেয়ে না খেয়ে যারা দেশে টাকা (রেমিট্যান্স) পাঠাচ্ছেন, তারাই দেশের অর্থনীতি চাঙ্গা রাখার মূল নায়ক। তাদের উপার্জিত আয়ে রিজার্ভ বেড়েছে, বাংলাদেশ বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড়াতে পেরেছে। তাদের কল্যাণে দায়িত্ব নিতে হবে। তাদের দালাল থেকে রক্ষা করতে হবে। আন্তর্জাতিক অভিবাসী দিবস উপলক্ষে গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) 'ডিবেট ফর ডেমোক্রেসি' আয়োজিত বিতর্ক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। সূত্র : **সমকাল** (পৃ,৫,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.২)।

**১৭। নারীর ক্ষমতায়নে বাংলাদেশ রোল মডেল : স্পেনে পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

নারীর ক্ষমতায়নে বাংলাদেশকে বিশ্বে রোল মডেল বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম। গত ১৭ ডিসেম্বর সোমবার স্পেনের রাজধানী মাদ্রিদে বাংলাদেশ দূতাবাস প্রাঙ্গণে বিজয় দিবস উপলক্ষে আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.২), **জনকণ্ঠ** (পৃ,৩,ক.৬)।

**১৮। রোহিঙ্গা ক্যাম্পে মিয়ানমার প্রতিনিধিদল**

রোহিঙ্গাদের সঙ্গে কথা বলতে মিয়ানমারের একটি প্রতিনিধিদলের সদস্যরা কক্সবাজারের উখিয়ায় শরণার্থী ক্যাম্প পরিদর্শন করে প্রত্যাবাসন ইস্যুতে কথা বলেছেন। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) তারা উখিয়ার কুতুপালং মধুছড়া রোহিঙ্গা ক্যাম্পে পৌঁছান বলে জানান উখিয়ার ইউএনও। মিয়ানমারে রোহিঙ্গা গণহত্যার অভিযোগে আন্তর্জাতিক বিচার আদালতে গাম্বিয়ার মামলা এবং বাংলাদেশ সেনাপ্রধানের মিয়ানমার সফর শেষে এ প্রতিনিধিদলের দু’দিনের সফর শুরু হলো। মিয়ানমার সরকারের প্রতিনিধিদল এ নিয়ে তৃতীয় দফায় রোহিঙ্গাদের সঙ্গে আলাপের জন্য ক্যাম্প পরিদর্শনে এলো। মিয়ানমার প্রতিনিধিদলের নেতৃত্বে রয়েছেন দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়রে আন্তর্জাতিক সংস্থা ও অর্থনৈতিক বিভাগের মহাপরিচালক চেন আইয়ে। সূত্র : **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ,৩,ক.৫)।

**১৯। পদ্মাসেতুতে ১৯তম স্প্যান বসলো : দৃশ্যমান ২ হাজার ৮৫০ মিটার**

পদ্মাসেতুর পিয়ারে বসানো হয়েছে ১৯তম স্প্যান (ইস্পাতের কাঠামো)। গতকাল (১৮ ডিসেম্বর বুধবার) সেতুর ২১ ও ২২ নাম্বার পিয়ারের উপর এ স্প্যানটি বসানো হয়েছে। এর ফলে সেতুর পৌনে ৩ কিলোমিটারের বেশি বা ২ হাজার ৮৫০ মিটার অংশ দৃশ্যমান হয়েছে। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ,১৫,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** উচ্চমাত্রার শব্দের কারণে শিশু ও বয়স্করা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়ায় শব্দ দূষণের সুদূরপ্রসারী ক্ষতি হ্রাসে ব্যাপক সচেতনতা সৃষ্টির আহ্বান।

খ. **সমকাল :** ওয়ার্ক পারমিট ছাড়া বাংলাদেশে কর্মরত বিদেশি নাগরিকদের তথ্য দিতে হাইকোর্টের নির্দেশকে স্বাগত জানিয়ে কর্মক্ষেত্রে দেশের জনসম্পদকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান।

গ. **সংবাদ :** সৌদি আরবে নারীকর্মী পাঠানোর অনিয়ম-দুর্নীতিতে জড়িত রিক্রুটিং এজেন্সিগুলোর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** পল্লিবিদ্যুতায়ন বোর্ড ও পাওয়ার গ্রিড কোম্পানি হবিগঞ্জসহ দেশের অন্যান্য স্থানের শিল্পকারখানায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ দিতে না পারায় শিল্পমালিকরা ভয়াবহ ক্ষতির সম্মুখীন হওয়ায় এ ব্যাপারে সরকার কার্যকর পদক্ষেপ গ্রহণ করে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **বণিক বার্তা :** অভিবাসী কর্মীদের দক্ষতা বৃদ্ধিসহ তাদের মানবাধিকার ও নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব প্রদানের সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** ডুয়াল তিস্তা ব্রিজ নির্মাণ কাজে মানসম্পন্ন নির্মাণ সামগ্রী ব্যবহারের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কঠোর নজরদারি রাখার আহ্বান।

ছ. **ডেইলি সান :** ঢাকা ওয়াসাকে রাজধানীর রামপুরা-বেগুনবাড়ি খালের ময়লা আবর্জনা পরিষ্কার করে খালের স্বাস্থ্যসম্মত পরিবেশ ফিরিয়ে আনার সুপারিশ।

জ. **নিউজ টুডে :** শিল্প কারখানাগুলোতে অগ্নিনির্বাপণ ব্যবস্থার সরঞ্জাম রাখাসহ অগ্নিনির্বাপণী মহড়াসহ প্রশিক্ষণের দ্বারা কর্মীদের দক্ষ করে গড়ে তোলার আহ্বান।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের মানবসম্পদকে দক্ষ জনশক্তিতে রূপান্তরের জন্য মানসম্মত টেকসই শিক্ষাব্যবস্থার সঙ্গে প্রয়োজন স্থান, কাল ও উদ্দেশ্য ভেদে প্রযুক্তির সঠিক ব্যবহার।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'গর্ভকালীন ডায়াবেটিস : মা ও শিশুর স্বাস্থ্যঝুঁকি বাড়ায়'** শিরোনামে নিবন্ধে উল্লেখ করা হয়েছে, গর্ভাবস্থার প্রাথমিক পর্যায়েই ডায়াবেটিস নিয়ন্ত্রণে প্রয়োজন সচেতনতা, নিয়মিত ওষুধ সেবন এবং শৃংখলাপূর্ণ জীবনযাপনে অভ্যস্ত হওয়া।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা